

২৬ হাজার
চাকরি বাতিল
সংক্রান্ত আদালত
অবমাননার
মামলা, আবেদন
খারিজ হইকোর্টের
দুরন্ত বার্তা, কলকাতা, ৭ মেঃ
এসএসসি ২৬ হাজার বাতিল
সংক্রান্ত আদালত অবমাননার
মামলার আবেদন গ্রহণ করল না
কলকাতা হাইকোর্ট। আদালত
জানিয়ে দিল, যেহেতু মামলাটি
সুপ্রিমকোর্টে বিচারার্থিন তাই এই
মামলার শুনানি সুপ্রিম কোর্টেই হবে।
৩ এপ্রিল এসএসসি মামলার রায়
যোষণা করেছিল। শীর্ষ আদালত
কলকাতা হাইকোর্টের রায় বহাল
রেখে ২৬ হাজার চাকরি বাতিলের
নির্দেশ দিয়েছিল শীর্ষ আদালত। এ
নিম্নে কলকাতা হাইকোর্টে আদালত
অবমাননার মামলা দায়ের হয়েছিল।
এদিন ওই মামলা খারিজ করে দিল
বিচারপতি দেবাংশু বসাক ও



বিচারপতি মহম্মদ সাব্বাক রশিদির
ডিভিশন বেঞ্চ। নিয়োগ দুর্নীতি
মামলায় স্কুল সার্ভিস কমিশনের ২৬
হাজার (আদতে ২৫,৭৩৫) চাকরি
বাতিলের রায় দিয়েছে সুপ্রিম কোর্ট।
২০১৬ সালের নিয়োগপ্রক্রিয়ার
পুরো প্যানেল খারিজ নিয়ে কলকাতা
হাইকোর্টের নির্দেশে হস্তক্ষেপ করেনি
শীর্ষ আদালত। অযোগ্যদের
পাশাপাশি অনেক যোগ্য শিক্ষকেরও
চাকরি বাতিল হয়েছে। এরপরই
পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের তরফে
আবেদন জানিয়ে বলা হয়েছিল,
নতুন করে নিয়োগপ্রক্রিয়া সম্পন্ন না
হওয়া পর্যন্ত এবং চলতি শিক্ষাবর্ষ
শেষ না হওয়া পর্যন্ত, অযোগ্য বলে
চিহ্নিত না হওয়া শিক্ষকদের কাজ
চালিয়ে যাওয়ার অনুমোদন দেওয়া
হোক। সেই মর্মে সুপ্রিম কোর্ট নির্দেশ
দেয় চলতি বছরের ৩১ ডিসেম্বরের
মধ্যে নতুন নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন
করতে হবে। এরপরও রায়ে
পরিবর্তন চেয়ে ইতিমধ্যে মামলা
দায়ের করেছে রাজ্য-এসএসসি, দুই
পক্ষই। তারই প্রেক্ষিতে হাইকোর্ট
জানিয়ে দিল, শীর্ষ আদালতে মামলা
বিচারার্থিন থাকায় এ নিয়ে কোনও
হস্তক্ষেপ করা হবে না।

প্রত্যাঘাত করবেই
পাকিস্তান!
নিশ্চিত বায়ুসেনা,
হকে ফেলা হল
সব প্ল্যান

নয়াদিল্লি, ৭ মেঃ পাঁচটা প্রত্যাঘাত
করবেই পাকিস্তান। ‘অপারেশন
সিঁদুরে’ আতৈ ঘা লেগেছে
পাকিস্তানের। ভারত দমনা নিতে চায়
পাকিস্তান। এই বিষয়ে নিশ্চিত
ভারতীয় বায়ুসেনাও। তাই প্রস্তুত
তারাও। ইতিমধ্যেই হয়ে গিয়েছে
উচ্চ পর্যায়ের বৈঠক। সূত্রের খবর,
পহেলগাঁও হামলার প্রত্যাঘাতেই
ভারত পাকিস্তানে ঢুকে ‘অপারেশন
সিঁদুর’ চালিয়েছে। পাক অধিকৃত
কাশ্মীর ও পাকিস্তানের ৯টি জঙ্গি
ঘাঁটি গুঁড়িয়ে দেওয়া হয়েছে।
ভারতের এই আঘাতের সেভাবে
জবাব দিতে পারেনি পাকিস্তান। তবে
এই প্রত্যাঘাত পাকিস্তানে সামরিক
শক্তির থেকে বেশি আত্মবিশ্বাসে
লেগেছে। তাই তারাও পাঁচটা হামলা
চালাতে পারে। এই বিষয় সম্পর্কে
সম্পূর্ণ নিশ্চিত ভারতীয় বায়ুসেনা।
ইতিমধ্যেই নিজেদের মধ্যে উচ্চ
পর্যায়ের বৈঠক করেছেন দেশের
সবক’টি বায়ুসেনা কমান্ডের কর্তা
এবং শীর্ষ অধিকারিকারা। জানা
গিয়েছে, মূলত ভারতের আকাশ
কীভাবে সুরক্ষা ব্যবস্থা দিয়ে সম্পূর্ণ
মুড়ে ফেলা যায়, সেটাই ছিল
আলোচনার মূল বিষয়বস্তু। এছাড়াও
পাকিস্তানের দিক থেকে যদি স্ট্রাইক
হয়, তাহলে কোন কমান্ডের কী
দায়িত্ব থাকবে এবং কীভাবে এই
প্রত্যাঘাতে জবাব আকাশ থেকে
আকাশে দেবে, সেটাও কার্যত স্থির
হয়ে গিয়েছে বলে বায়ুসেনা সূত্রে
খবর। পাকিস্তান ইতিমধ্যেই
নিজেদের অয়ারস্পেস বন্ধ করে
দিয়েছে। সংসদে জরুরি অধিবেশন
ডেকেছেন পাক প্রধানমন্ত্রী শেহবাজ
শরিফ। সব দলকে একজোট থাকার
অনুরোধ করছেন।

অপারেশন সিঁদুর ● পাকিস্তানের ঘরে ঢুকে মারল ভারত মাঝরাতে লস্কর-জইশদের ন’টা ঘাঁটি ওড়াল ভারত

নয়াদিল্লি, ৭ মেঃ ভারতীয় সেনাবাহিনী
আবারও বুঝিয়ে দিল, সীমান্ত পেরিয়ে
ভারতের ভিতরে সন্ত্রাস ছড়ালে তার জবাব
মিলবেই - এবং তা কঠোর ও নির্ভুলভাবে।
বুধবার রাতে এক অত্যন্ত সুপরিকল্পিত ও
সুনির্দিষ্ট অভিযানে ভারতীয় সশস্ত্র বাহিনী
পাকিস্তান ও পাকিস্তান-অধিকৃত কাশ্মীরে
অবস্থিত অন্তত ৯টি সন্ত্রাসবাদী ঘাঁটিতে
সফল হামলা চালিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রকের
তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে,
এই ফোকাসড স্ট্রাইক ছিল সম্পূর্ণরূপে
সন্ত্রাসবাদী পরিকাঠামোর বিরুদ্ধে, যা গত
কয়েক দশক ধরে ভারতের অভ্যন্তরে সন্ত্রাস
ছড়ানোর কেন্দ্রবিন্দু হয়ে উঠেছিল। এই
অপারেশনের পেছনে দীর্ঘদিনের গোয়েন্দা
নজরদারি এবং স্যাটেলাইট পর্যবেক্ষণ ছিল।
প্রতিটি টার্গেট সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা
হয়েছিল, যেখানে সন্ত্রাসবাদী সংগঠনগুলির
ঘাঁটি, প্রশিক্ষণ কেন্দ্র, অস্ত্র মজুতের জায়গা
এবং অনুপ্রবেশের লক্ষ্য প্যাড ছিল। প্রতিটি
লক্ষ্যবস্তুর সঙ্গে সরাসরি ভারতে সংঘটিত
একাধিক জঙ্গি হামলার সম্পর্ক রয়েছে -
পুলগুয়ামা থেকে শুরু করে পাঠানকোট বা
মুর্ঘাই ২৬/১১-র মতো ভয়াবহ ঘটনাও এর
অন্তর্ভুক্ত। বেছে বেছে ৯টি জঙ্গি ঘাঁটিতেই
হামলা চালালো হয়। কাশ্মীরের সাধারণ
নাগরিকদের যেন কোনও ক্ষতি না হয়,

সেই জন্য রাতকেই হামলার সময় হিসাবে
বেছে নেয়া বায়ুসেনা, অনুমান
বিশেষজ্ঞদের।
বাছাই করা ৯টি জঙ্গি ঘাঁটি
মার্কাজ শ্বভান আল্লাহ ঘাঁটি-প্রথম টার্গেট
ছিল পাকিস্তানের পঞ্জাব প্রদেশের
বাহওয়ালপুরে অবস্থিত মার্কাজ শ্বভান
আল্লাহ ঘাঁটি। এটি জঙ্গি জইশ-ই-
মহম্মদের ডেরা। যেখান থেকে তারা
২০১৯ সালে হওয়া পুলগুয়ামা হামলার
ছক কষেছিল।
মার্কাজ তৈবাহ-লস্করদের গুরুত্বপূর্ণ ঘাঁটি
এটি। জঙ্গিদের নিয়োগ থেকে প্রশিক্ষণ সব
চলে এই ডেরাতেই। পাকিস্তানের পঞ্জাব
প্রদেশেই এটি অবস্থিত। ২০০০ সাল থেকে
সেখানে নিরিধায় ‘অপারেশন’ চালাচ্ছে
ভারত।
সর্জল, তেহরা কালান-পাকিস্তানের পঞ্জাব
প্রদেশের নারওয়াল জেলার শাকাগড়ের
অবস্থিত এই ক্যাম্প আসলে জইশ-ই-
মহম্মদ গোষ্ঠীর আরও একটা অন্যতম
ঘাঁটি। এটি সীমান্ত সংলগ্ন হওয়ায় এই ঘাঁটি
দিয়ে জঙ্গিরা ভারতে ঢুকে থাকেন।
এমনকি, কোনও হামলার পর তারা চোট
পেলো সবার প্রথমে এখানেই চিকিৎসার
আলো এসে থাকেন।
মার্কাজ আহলে হাদিথ বারনালা-



পাকিস্তানের আওতাধীন আজাদ কাশ্মীরের
ভিমবের এলাকায় তৈরি হয়েছে লস্করদের
এই জঙ্গি ঘাঁটি। সূত্রের খবর, বুয়েরে
হামলার সেটিও পরিণত হয়েছে ধ্বংসস্তূপে।
বারনালা হল পাক অধুষিত কাশ্মীরের
উপর নিয়ন্ত্রণ রাখার জন্য তৈরি অন্যতম
কেন্দ্র।
মাশকার রাহিল শহিদ-এটিও পাক

আওতাধীন আজাদ কাশ্মীরেরই অংশ। যা
হিজবুল-মুজাহিদিন জঙ্গি গোষ্ঠীর ভারত
লাগোয়া অন্যতম শাখা।
শাওয়াই নাল্লাহ ক্যাম্প-সংবাদ সংস্থা
এনএআই সূত্রে খবর, ২০০০ সালে এই
ঘাঁটি তৈরি করে লস্কর গোষ্ঠী। মার্কাজ
তৈবাহর মত এখান নিয়োগ কাজ চালনা
করে তারা।
এছাড়াও, আর তিনটি ঘাঁটি যথাক্রমে
শিয়ালকোটে অবস্থিত মেহমুনা জয়া ঘাঁটি,
কোটিলে অবস্থিত মার্কাজ আব্বাস ও
মার্কাজ সায়েদা বিলালেও হামলা চালিয়েছে
ভারত। কিন্তু এই ঘাঁটিগুলি সম্পর্কে
বিস্তারিত তথ্য পাওয়া সম্ভব হয়নি।
বিশেষজ্ঞদের মতে, এই অভিযানে
পাকিস্তানকে কড়া বার্তা দেওয়া হয়েছে যে,
সীমান্ত পেরিয়ে সন্ত্রাস ছড়ালে এবার থেকে
কূটনৈতিক ভাষায় নয়, সরাসরি সেনা
অভিযানের মাধ্যমে তার জবাব দেওয়া
হবে। শুধু পাকিস্তানের মাটি থেকে
সন্ত্রাসবাদ পরিচালনা নয়, পাকিস্তানের
সরকার এবং অইএসআই যদি তা প্রস্রয়
দেয়, তাহলে আন্তর্জাতিক মঞ্চেও তাদের
বিচ্ছিন্ন করার কৌশল নিতে চলেছে ভারত।
এই অপারেশন ভারতের নতুন নিরাপত্তা
নীতির প্রতিচ্ছবি - সন্ত্রাসের মোকাবিলায়
কোনওরকম আপস নয়, এবং প্রয়োজনে

সীমান্তের ওপারে গিয়েও নিজের জনগণ ও
ভূখণ্ডের নিরাপত্তা সুনিশ্চিত করা। এই
অভিযান চলাকালীন প্রধানমন্ত্রী নিজে
রাতভর নজরদারি চালান। প্রতিটি
পদক্ষেপে তিনি খোঁজখবর নেন ও সেনা
কর্তাদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখেন।
পরের দিন সকালে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ
সিং তিন বাহিনীর প্রধানদের সঙ্গে বৈঠক
করেন এবং অভিযানের বিস্তারিত রিপোর্ট
নেন। ‘অপারেশন সিঁদুর’ ভারতের সামরিক
ইতিহাসে একটি নতুন দৃষ্টান্ত স্থাপন করল।
এই অভিযান শুধু এক প্রতিশোধ নয়, এটি
বিশ্বের কাছে একটি বার্তা-ভারত এখন
আর নীরব দর্শক নয়। যোগাযোগ মাটিতে রক্ত
ঝরাতে, তার জবাব দেওয়া হবে শত্রুর
ঘরে ঢুকে। বিশ্বরাজনীতিতেও এই
অভিযানের প্রভাব পড়েছে। একদিকে
আন্তর্জাতিক মঞ্চে পাকিস্তানের কূটনৈতিক
চাপ বাড়ছে, অন্যদিকে ভারতের অবস্থান
আরও দৃঢ় হচ্ছে। নিরাপত্তা বিশ্লেষকরা মনে
করছেন, এই অপারেশন ভারতীয় সশস্ত্র
বাহিনীর কৌশলগত ক্ষমতা ও গোয়েন্দা
ক্ষমতা দুই-ই তুলে ধরেছে। শেষ কথা
হল, সিঁদুর শুধু বিশ্বের প্রতীক নয়, এবার
সে হয়ে উঠল দেশের প্রতিশোধের প্রতীক।
ভারত আবার প্রমাণ করল-আঘাতের
জবাব চুপচাপ নয়, গর্জে উঠে দেওয়া হয়।

‘প্যানিক করবেন না’, অমিত
শাহের দফতরের সঙ্গে বৈঠকের
পরই বড় কথা বললেন মমতা



দুরন্ত বার্তা, কলকাতা, ৭ মেঃ
ভারত-পাকিস্তান যুদ্ধের আবেগের
মাঝেই কেন্দ্র নির্দেশ দিয়েছিল
রাজ্যগুলিতে মকড়িলেব। এই
নিম্নে যখন তৎপরতা ছিল তুঙ্গে,
সেই সময় মঙ্গলবার রাতে
‘অপারেশন সিঁদুর’ অভিযান
চালায় ভারতীয় সেনা। এরপর
বুধবার সন্ধ্যাবেলা নবান্ন থেকে
বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যবাসীকে আশ্বস্ত করেন।
প্যানিক না হওয়ারও বার্তা দেন। এই সঙ্গে বড় কথাও বলেন তিনি। মুখ্যমন্ত্রী
বলেন, “আজ দুপুরে স্বরাষ্ট্র মন্ত্রক সীমান্ত এলাকার কয়েকজন মুখ্যমন্ত্রীর
সঙ্গে বৈঠক করেছে। কী আলোচনা হয়েছে সেটা এখানে বলব না। আমরাও
আজ আলোচনা করেছি। সবাই একসঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে সন্ত্রাসের বিরুদ্ধে
এই লড়াই করব। এই সময় আমাদের মধ্যে কোনও বিভেদ যেন না হয়।
সবাই আমরা দেশের পক্ষে। মনিটরিং চলবে। চিন্তা করার কোনও ব্যাপার
নেই। প্যানিক হওয়ার ব্যাপার নেই। আগে জানতে পারলে মানুষকে জানাব।
না জানতে পারলে কীভাবে জানাব?” এরপরই মুখ্যমন্ত্রী বড় বার্তা
দিয়েছেন, এই সময় যেন কেউ বিভ্রান্তিকর খবর না ছড়ায়। তিনি বলেন,
“সব খবর বিশ্বাস করতে হবে না। আর যদি কেউ বিভ্রান্ত করেন তাহলে তাদের
বিরুদ্ধে অ্যাকশন নেওয়ার জন্য মিটিংয়ে জানানো হয়েছে। এটা টিআরপি
ব্যক্তোদের সময় নয়। এটা দেশ রক্ষার সময়। দেশ রক্ষার জন্য সেনাদের
কাঁধে কাঁধ মিলিয়ে চলতে হবে। সাধারণ নাগরিক হিসাবে আমরা এই কাজ
করছি।” মুখ্যমন্ত্রী বলেন, “আপনারা নিজেরা বলবেন না এই জায়গা আক্রান্ত
হতে পারে। বিভিন্ন বিভাগের বিভিন্ন মানুষ আছে তারা দেখবে। আমরা একটা
নম্বর বেব, কিছু দেখলে সেখানে মেসেজ করবেন। কন্ট্রোল রুম
উত্তরকন্যাতেও খোলা হয়েছে।”



দুরন্ত বার্তা, কলকাতা, ৭ মেঃ
প্রতিবাদের মতো এবারও
ফলাফলের নিরিখে উচ্চ মাধ্যমিক
কলকাতাকে টেকা দিল জেলা।
প্রথম দশে মোট ৭২ জন পড়ুয়ার
মধ্যে ৬৮ জনই জেলার। রেখা
তালিকায় কলকাতার মাত্র
চারজন! সেরা দশের মধ্যে হুগলি
থেকে রয়েছেন ১৪ জন পড়ুয়া।
অন্যন্যাবারের মতো এবারেও
দুরন্ত বার্তা, কলকাতা, ৭ মেঃ
প্রতিবাদের মতো এবারও
ফলাফলের নিরিখে উচ্চ মাধ্যমিক
কলকাতাকে টেকা দিল জেলা।
প্রথম দশে মোট ৭২ জন পড়ুয়ার
মধ্যে ৬৮ জনই জেলার। রেখা
তালিকায় কলকাতার মাত্র
চারজন! সেরা দশের মধ্যে হুগলি
থেকে রয়েছেন ১৪ জন পড়ুয়া।
অন্যন্যাবারের মতো এবারেও

বাংলাদেশ-চিন সীমান্তে নিশ্চিদ্র নিরাপত্তার নির্দেশ, নজর রাখছেন শাহ

দুরন্ত বার্তা প্রতিবেদন
ভারতীয় সেনার ‘অপারেশন সিঁদুর’-
র পর পাকিস্তান সীমান্তে উত্তেজনা
বেড়েছে। বিনা প্ররোচনায়
সংঘর্ষবিরতি চুক্তি লঙ্ঘন করে গুলি
চালিয়েছে পাক সেনা। গোলাবর্ষণ
করেছে। জবাব দিয়েছেন ভারতীয়
জওয়ানরা। পাকিস্তান সীমান্তে
নিরাপত্তা আরও জোরদার করা
হয়েছে। পাকিস্তানের সঙ্গে এই
টানাগোড়নের আবেহ ভারতের পূর্ব
সীমান্তে নিরাপত্তায় যাতে কোনও
ছিদ্র না থাকে, তা নিশ্চিত করতে
নির্দেশ দিল ভারতীয় সেনার সদর
দফতর। ভারতীয় সেনার সদর
দফতরের বক্তব্য, পশ্চিম দিকের
নিরাপত্তা ব্যবস্থা আটকানি করতে
গিয়ে পূর্ব দিকের নিরাপত্তার ক্ষেত্রে
যেন কোনওরকম ত্রুটি না থাকে।
ভারতের পশ্চিম দিকে পাকিস্তান।

পূর্ব সীমান্তে বাংলাদেশ এবং চিন।
নেপাল এবং ভূটান সীমান্তও রয়েছে।
সবদিকেই কড়া নিরাপত্তার ব্যবস্থা
করতে নির্দেশ পাঠানো হয়েছে। আধা
গিয়েছে, উত্তর-পূর্ব এবং পূর্ব
সীমান্তের নিরাপত্তার ব্যাপারে
যাবতীয় রিপোর্ট দিল্লিতে সেনা সদর
দফতরে পাঠানো হয়েছে। আধা
গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ের
বৈসরনে পর্যটকদের উপর হামলা
চালিয়ে ২৬ জনকে হত্যা করে
জঙ্গিরা। ১৫ দিনের মাথায় ভারতীয়
সেনা জঙ্গিদের জবাব দিল।
পাকিস্তান ও পাক অধিকৃত
কাশ্মীরের ৯টি জায়গায় আঘাত
হানে ভারতীয় সেনা। গুঁড়িয়ে
দেওয়া হয় জঙ্গি ঘাঁটিগুলি। ভারতীয়
সেনার ‘অপারেশন সিঁদুর’
চলাকালীন সীমান্তে গোলাবর্ষণ করে
পাকিস্তান সেনা। বিনা প্ররোচনায়
গুলি চালায়। জবাব দেন ভারতীয়
জওয়ানরা। পাকিস্তানের সঙ্গে
টানাগোড়নের জেরে পশ্চিম
সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরও
বড়ানো হয়েছে। এই পরিস্থিতিতে
উত্তর-পূর্ব ও পূর্ব সীমান্তে
নিরাপত্তায় যাতে কোনও ফাঁক না
থাকে, সেই নির্দেশ দিল ভারতীয়
সেনার সদর দফতর।

সেনা যেখানে যেখানে মোতায়েন
রয়েছে, সেখানকার যাবতীয়
খোঁজখবর রিপোর্ট সহকারে
নিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত
শাহ। বুধবার মধ্যরাতে পহেলগাঁওয়ে
জঙ্গি হামলার জবাব দিয়েছে ভারত।

গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ের
বৈসরনে পর্যটকদের উপর হামলা
চালিয়ে ২৬ জনকে হত্যা করে
জঙ্গিরা। ১৫ দিনের মাথায় ভারতীয়
সেনা জঙ্গিদের জবাব দিল।
পাকিস্তান ও পাক অধিকৃত
কাশ্মীরের ৯টি জায়গায় আঘাত
হানে ভারতীয় সেনা। গুঁড়িয়ে
দেওয়া হয় জঙ্গি ঘাঁটিগুলি। ভারতীয়
সেনার ‘অপারেশন সিঁদুর’
চলাকালীন সীমান্তে গোলাবর্ষণ করে
পাকিস্তান সেনা। বিনা প্ররোচনায়
গুলি চালায়। জবাব দেন ভারতীয়
জওয়ানরা। পাকিস্তানের সঙ্গে
টানাগোড়নের জেরে পশ্চিম
সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরও
বড়ানো হয়েছে। এই পরিস্থিতিতে
উত্তর-পূর্ব ও পূর্ব সীমান্তে
নিরাপত্তায় যাতে কোনও ফাঁক না
থাকে, সেই নির্দেশ দিল ভারতীয়
সেনার সদর দফতর।

এবার সর্বদলীয় বৈঠকের ডাক মোদি
সরকারের, ফের বড় কোনও সিদ্ধান্তের ইঙ্গিত?

নয়াদিল্লি, ৭ মেঃ ১৫ দিনের
মাথায় পহেলগাঁওয়ে জঙ্গি হামলার
জবাব। পাকিস্তান ও পাক অধিকৃত
কাশ্মীরের একাধিক জঙ্গিঘাঁটি

যডযন্ত্রকারী ছাড়া পাবে না বলে
তখনই হুকুম দিয়েছিলেন প্রধানমন্ত্রী
নরেন্দ্র মোদি। একইসঙ্গে তিনি
সেনাকে বার্তা দেন, পহেলগাঁওয়ে



গুঁড়িয়ে দেওয়া হয়েছে। ‘অপারেশন
সিঁদুর’-র পর কি আরও কোনও
বড় পদক্ষেপ করতে চলেছে
কেন্দ্রীয় সরকার? এই নিয়ে নতুন
জল্পনার মধ্যেই আত্মমিলাপ
(বৃহস্পতিবার) সর্বদলীয় বৈঠক
ডাকল কেন্দ্র। গত ২২ এপ্রিল
পহেলগাঁওয়ের বৈসরনে পর্যটকদের
উপর হামলা চালিয়ে ২৬ জনকে
হত্যা করে জঙ্গিরা। বেছে বেছে
হিন্দু পর্যটকদের উপর হামলা
চালালো হয়। হামলাকারী ও

জঙ্গি হামলার জবাব কখন ও
কীভাবে দেওয়া হবে, তা ঠিক
করার পূর্ণ স্বাধীনতা রয়েছে সেনার।
পহেলগাঁওয়ে জঙ্গি হামলার কড়া
জবাব যে দেওয়া হবে, গত
কয়েকদিনে তা বারবার বুঝিয়ে
দিয়েছিল কেন্দ্র। পাকিস্তানের
বিরুদ্ধে একাধিক কড়া পদক্ষেপ
করা হয়। গত কয়েকদিনে বেশ
কয়েকবার উচ্চ পর্যায়ের বৈঠক
করেন প্রধানমন্ত্রী। তারপরেই বুধবার
মধ্যরাতে পাকিস্তান ও পাক

জঙ্গি ঘাঁটিগুলি। এই পরিস্থিতিতে
বৃহস্পতিবার সর্বদলীয় বৈঠক ডাকা
হয়েছে। জানা গিয়েছে, ‘অপারেশন
সিঁদুর’ নিয়ে বিরোধী দলগুলিকে
বিস্তারিত জানাতেই এই সর্বদলীয়
বৈঠক ডাকা হয়েছে। সংসদ বিষয়ক
মন্ত্রী কিরণে রিজিজু এক হাউসে
সর্বদলীয় এই বৈঠকের কথা
জানিয়েছেন। পার্লামেন্ট কমপ্লেক্সের
পার্লামেন্ট লাইব্রেরি বিল্ডিংয়ে এই
বৈঠক হবে। রিজিজু জানিয়েছেন,
সকাল ১১টা বৈঠক শুরু হবে।

ভার্চুয়ালি ‘মুখোমুখি’ মমতা-শাহ, সঙ্গে আরও
মুখ্যমন্ত্রী, এরপর কী সিদ্ধান্ত হতে চলেছে?

নয়াদিল্লি, ৭ মেঃ ভারতীয় সেনার
‘অপারেশন সিঁদুর’-র পর সীমান্ত
সুরক্ষা নিয়ে আরও তপস্বী কেন্দ্র।
পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরে
একাধিক জঙ্গিঘাঁটি ভারতীয় সেনা
গুঁড়িয়ে দেওয়ার পর সীমান্তবর্তী
একাধিক রাজ্যের সঙ্গে বৈঠকে
বসলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত
শাহ। তাঁর সঙ্গে ভার্চুয়ালি বৈঠকে
ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা
বন্দ্যোপাধ্যায়-সহ একাধিক রাজ্যের
মুখ্যমন্ত্রী। ভার্চুয়ালি এই বৈঠকে
সীমান্তবর্তী রাজ্যগুলির ডিজিপি-রা
ছিলেন। পহেলগাঁওয়ে জঙ্গি হামলার
জবাব দিয়েছে ভারতীয় সেনা।
পাকিস্তান ও পাক অধিকৃত
কাশ্মীরের ৯টি জায়গায় আঘাত
হানে একাধিক জঙ্গিঘাঁটি গুঁড়িয়ে
দিয়েছে। নিকেশ করা হয়েছে
তরফে জানানো হয়েছে, শুধু
জঙ্গিঘাঁটি লক্ষ্য করেই আঘাত
হয়েছে। পাকিস্তান সেনার
পরিকাঠামোয় কোনও আঘাত হানা
হয়নি। তবে ভারতীয় সেনার
অভিযানের পরই ক্ষেত্রেই ফুঁসে

তৈরি হয়েছে। এই পরিস্থিতিতে
সীমান্তবর্তী রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের
সঙ্গে অমিত শাহর বৈঠকের পর
কেন্দ্র কী পদক্ষেপ করে, সেটাই
দেখার। এর আগে অপারেশন সিঁদুর
রাজস্থান, গুজরাট, উত্তরাখণ্ড,
উত্তর প্রদেশ, বিহার, সিকিম,
পশ্চিমবঙ্গ- এই ৯টি রাজ্যের
মুখ্যমন্ত্রীর ভার্চুয়ালি অংশ নেন।
লাদাখের উপরাজ্যপাল এবং জম্মু
ও কাশ্মীরের উপরাজ্যপাল ভার্চুয়ালি
বৈঠকে ছিলেন। সীমান্ত সুরক্ষা নিয়ে
ভার্চুয়ালি এই বৈঠকে আলোচনা
হয়। ভারতীয় সেনার এই
প্রত্যাঘাতের পর পাকিস্তান কী
পদক্ষেপ করবে, তা নিয়ে জল্পনা
হ্যাঁড়লে তিনি লেখেন,
‘পহেলগাঁওয়ে আমাদের নিরীহ
ভাইদের হত্যার জবাব হল ভারতের
অপারেশন সিঁদুর। ভারত ও দেশের
নাগরিকদের উপর যেকোনও
হামলার উপযুক্ত জবাব দিতে
দৃঢ়প্রতিজ্ঞ মোদি সরকার।
সন্ত্রাসবাদকে তার মূল থেকে উৎপাদিত
ফেলাতে বন্ধপরিবার ভারত।’



মিশন সংকল্পের বড় সাফল্য, বিজাপুরে ১৫-র বেশি মাওবাদী নিহত



রায়পুর, ৭ মে : মিশন সংকল্পের অধীনে বড়সড় সাফল্য পেল সুরক্ষা বাহিনী। বুধবার হুগলিগণ্ডের বিজাপুর জেলায় এনকাউন্টারে মৃত্যু হয়েছে ১৫-র বেশি মাওবাদীরা। পুলিশ জানিয়েছে, হুগলিগণ্ড-তে লেঙ্গান্না সীমান্তে বিজাপুর জেলার কারেগুট্টা পাহাড়ের কাছে চলমান সংঘর্ষে নিরাপত্তা বাহিনীর গুলিতে ১৫ জনেরও বেশি নকশাল নিহত হয়েছেনকশাল-মুক্ত ভারত অভিযানে বুধবার ফের বড়সড় সাফল্য পেল সুরক্ষা বাহিনী। পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, মিশন সংকল্পের অধীনে বুধবার ডিগণ্ড-ও-তেলেঙ্গান্না সীমান্তে বিজাপুর জেলার কারেগুট্টা পাহাড়ের কাছে চলমান সংঘর্ষে নিরাপত্তা বাহিনীর গুলিতে ১৫ জনেরও বেশি নকশাল নিহত হয়েছে।

সশস্ত্র বাহিনীর জন্য গর্বিত, জয় হিন্দঃ রাহুল গান্ধী

নয়াদিল্লি, ৭ মে : মধ্যরাত্তে বদলা নিল ভারত। মঙ্গলবার গভীর রাতে পাকিস্তান ও পাকিস্তান অধিকৃত কাশ্মীরে ৯টি সন্ত্রাসী ঘাঁটিতে আঘাত হানল ভারতীয় সশস্ত্র বাহিনী। পাকিস্তান ও পাক-অধিকৃত কাশ্মীরের অভ্যন্তরে ভারতীয় সেনাবাহিনী, নৌবাহিনী এবং 'অপারেশন সিঁদূর'। অপারেশন সিঁদুর প্রসঙ্গে লোকসভার বিরোধী দলনেতা তথা কংগ্রেস নেতা রাহুল গান্ধী এক্স মাধ্যমে লিখেছেন, আমাদের সশস্ত্র বাহিনীর জন্য গর্বিত, জয় হিন্দ! যে কোনও পরিস্থিতি মোকাবিলায় সরকার প্রস্তুতঃমনোজ সিনহা

শ্রীনগর, ৭ মে : জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা কেন্দ্রশাসিত অঞ্চলের সীমান্তবর্তী জেলাগুলির পরিস্থিতি পর্যালোচনা করেছেন। উপ-রাজ্যপাল মনোজ সিনহা জানিয়েছেন, আমি পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি এবং তাঁর ঐতিহাসিক দ্বিগুণ মোদারের জন্য তাঁকে অভিনন্দন জানিয়েছেন। কথোপকথনের সময় ভারত ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী, দুই দেশের মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী করার প্রতিশ্রুতি পূনর্বাক্ত করেছেন। তারা উল্লেখ করেছেন, পাঁচ বছরে, ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব বিভিন্ন ক্ষেত্রে শক্তিশালী সহযোগিতা বিকাশ লাভ করছে।উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক দৃঢ় করার ক্ষেত্রে প্রাণবন্ত ভারতীয় বংশোদ্ভূত প্রবাসীদের ভূমিকার উপর জোর দিয়েছেন। দুই

বিলোনিয়ায় এক রাতে ২৫টি দোকানে দুঃসাহসিক চুরি

বিলোনিয়া (ত্রিপুরা), ৭ মে : একই রাতে ২৫টি দোকানে দুঃসাহসিক চুরি। ঘটনাস্থলে পুলিশ সহ ফরেনসিক টিম। খবর দেওয়া হয় ডগ স্কোয়াডকে। মঙ্গলবার গভীর রাতে চোরের দল হানা দেয় দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়া থানাধীন উত্তর ভারত বাজারে।২৫টি দোকানের দরজার তাল ভেঙ্গে, কড়া ভেঙ্গে চোরেরা ভিতরে প্রবেশ করে কাশ বাজের টাকা পয়সা সহ দোকানের জিনিসপত্র নিয়ে যায়। একটি দোকানের তাল ভাঙতে না পারায় তালার মধ্যে পোড়ালি তেলো গুলন লাগিয়ে খোলার চেষ্টা চালায় চোরেরা। প্রায় চার লক্ষ টাকা দোকানগুলি থেকে নিয়ে যায় বলে জানা যায়। এছাড়া কত টাকার জিনিস পত্র নিয়ে যায় তা জানা যায়নি।সিসিটিভি ক্যামেরা থাকলেও কিছু কিছু দোকানের সিসিটিভি ক্যামেরা সহ মনিটর ভাঙ্গা। কিছু দোকানের সিসিটিভি ক্যামেরা অন্যদিকে ঘুরিয়ে চোরেরা চুরি করেছে।এর আগে ছোট খাটো চুরির ঘটনা ঘটলেও এই প্রথম একই রাতে ২৫টি দোকানে চুরি হয়েছে বলে জানান বাজারের ব্যবসায়ীরা। পাশাপাশি পুলিশের ভূমিকা নিয়ে স্ফোভ প্রকাশ করে ব্যবসায়ীরা

ভারতে অর্থনীতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং উন্নতমানের কর্মসংস্থান সৃষ্টি করবে

নয়াদিল্লি(পিআইবি)ঃরাজস্থানের জয়পুরে চতুর্দশ গ্রেট ইন্ডিয়ান ট্রায়ালবাজারের অনুষ্ঠানের ফাঁকে রাজস্থান সরকারের পর্যটন দপ্তর এবং ফেডারেশন অফ ইন্ডিয়ান চেন্সারি অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সঙ্গে যৌথভাবে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক ‘ মেক ইন ইন্ডিয়া’ কনক্লেভের আয়োজন করে। এই কনক্লেভে ভাষণ দেওয়ার সময় কেন্দ্রীয় পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেন, ভারতে মিটিংস, ইনসেন্টিভস, কনফারেন্সেস ও একজিবিশন অর্থাৎ সম্মেলন ও প্রদর্শন সংক্রান্ত শিল্প দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই শিল্প উন্নতমানের

কর্মসংস্থানের সৃষ্টি করবে বলেও তাঁর অভিমত। শ্রী শেখাওয়াত বলেন, এ দেশের অর্থনীতির উন্নয়ন, আন্তর্জাতিক মানের পরিকাঠামো এবং সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সমর্থনের কারণে ভারতের এই শিল্প আন্তর্জাতিক স্তরে চালিকাশক্তি হিসেবে আত্মপ্রকাশ করবে। দেশের বিভিন্ন রাজ্যের এই সুযোগকে কাজে লাগানো উচিত বলে তাঁর অভিমত।MICEএর কথা বিবেচনা করে ভারত মণ্ডপম, যশোভূমি, জিও ওয়ার্ল্ড সেন্টারের মতো বিভিন্ন সম্মেলন কেন্দ্র গড়ে তোলা হয়েছে। দেশের কমপক্ষে ১০টি শহরকে MICE শিল্পের জন্য বিশ্বের শীর্ষস্থানীয় গন্তব্য শহর

হিসেবে গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাজস্থানের মতো বিভিন্ন রাজ্য নানা সম্মেলন আয়োজন করার ক্ষেত্রে আকর্ষণীয় গন্তব্য হয়ে উঠেছে। এই অনুষ্ঠানে আন্তর্জাতিক স্তরের বিভিন্ন MICE সংস্থার ৬০০-র বেশি প্রতিনিধি উপস্থিত ছিলেন। ২০২৪ সালে ভারতে এই শিল্প থেকে প্রায় ৫ হাজার কোটি মার্কিন ডলার রাজস্ব আয় হয়েছে। ২০৬০ সালের মধ্যে ১৬ শতাংশ বৃদ্ধি পেয়ে এই রাজস্ব আদায়ের পরিমাণ ১০ হাজার কোটি মার্কিন ডলারে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। বিগত এক দশকে ভারতের সড়ক, রেলপথ, জলপথ

ও বিমান পরিবহণে পরিকাঠামোর মানোন্নয়ন ঘটানো হয়েছে। এই সময়কালে প্রায় ২৫ লক্ষ হোটেলের ঘর নির্মিত হয়েছেনীতি আরোগার ভাইস চেয়ারপার্সন শ্রী সুমন বেরী বলেন, জি-২০ গোষ্ঠীর সভাপতি হিসেবে দায়িত্ব পালনের সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যে লক্ষ্য বেঁধে দিয়েছিলেন, এখন সেই লক্ষ্য অর্জন করিতে হবে। রাজস্থানের উপ-মুখ্যমন্ত্রী শ্রীমতী দিয়া কুমারী এবং ওশির উপ-মুখ্যমন্ত্রী শ্রীমতী প্রভাতী পারিবা সম্মেলনে MICE শিল্পের গন্তব্য হিসেবে নিজ নিজ রাজ্যের বিভিন্ন দিক উপস্থাপন করেন। ফিকি-র প্রাক্তন সভাপতি ডঃ জ্যোত্সা পুরী জানান, জি-২০

ভারত সন্ত্রাসবাদকে মূল থেকে নির্মূল করার জন্য দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধঃঅমিত শাহ

নয়াদিল্লি, ৭ মে : ভারত সন্ত্রাসবাদকে মূল থেকে নির্মূল করার জন্য দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। জানিয়ে দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বুধবার তিনি এক্স মাধ্যমে লিখেছেন, আমাদের সশস্ত্র বাহিনীর জন্য আমরা গর্বিত। পহেলগামে আমাদের নিরীহ ভাইদের নৃশংস হত্যাকাণ্ডের প্রতি ভারতের প্রতিক্রিয়া হল অপারেশন সিঁদূর। ভারত এবং দেশের জনগণের উপর যে কোনও আক্রমণের উপযুক্ত জবাব দিতে মৌদী সরকার বদ্ধপরিকর। ভারত সন্ত্রাসবাদকে মূল থেকে নির্মূল করতে দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।এদিকে, কেন্দ্রীয়



স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বুধবার জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহর সঙ্গে কথা বলেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা এবং বিএসএফ-এর মহাপরিচালকের সঙ্গেও ক্রমাগত যোগাযোগ রাখছেন।

তিনি সীমান্তবর্তী এলাকায় বসবাসকারী মানুষের জন্য সমস্ত সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বিএসএফ-এর মহাপরিচালককে নির্দেশ দিয়েছেন। অন্যদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বুধবার জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর

আবদুল্লাহর সঙ্গে কথা বলেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা এবং বিএসএফ-এর মহাপরিচালকের সঙ্গেও ক্রমাগত যোগাযোগ রাখছেন। তিনি সীমান্তবর্তী এলাকায় বসবাসকারী মানুষের জন্য সমস্ত সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বিএসএফ-এর মহাপরিচালককে নির্দেশ দিয়েছেন।এরিন সকালেই প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সরকারি বাসভবন ৭, লোক কল্যাণ মার্গে গিয়েছেন। এর আগে তিন বাহিনীর প্রধানের সঙ্গেও কথা বলেছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

জয় হিন্দ! জয় ভারত! অপারেশন সিঁদূর নিয়ে প্রতিক্রিয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ৭ মে : জয় হিন্দ! জয় ভারত! অপারেশন সিঁদূর নিয়ে এমনই প্রতিক্রিয়া জানানেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।তিনি বুধবার সকালে সোশ্যাল মিডিয়ায় একথা লেখেন।উল্লেখ্য, জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসবাদী হামলার প্রতিশোধ নিল ভারত। মঙ্গলবার গভীর রাতে পাকিস্তান ও পাকিস্তান অধিকৃত কাশ্মীরে ৯টি সন্ত্রাসী ঘাঁটিতে আঘাত হানল ভারত। পাকিস্তান ও পাক-অধিকৃত কাশ্মীরের অভ্যন্তরে ভারতীয় সেনাবাহিনী, নৌবাহিনী এবং বায়ুসেনা অভিযান চালায়। এই অভিযানের নাম দেওয়া হয় 'অপারেশন সিঁদূর'।মধ্যরাত্তে পাকিস্তান এবং পাক অধিকৃত কাশ্মীরে প্রত্যাঘাত হান ভারত

পহেলগামে জঙ্গিহানার জবাবে জঙ্গিঘাট লক্ষ করে প্রবল আক্রমণ হানে ভারতীয় সশস্ত্র বাহিনী। পাকিস্তানের উপ-প্রদেশের বহাওয়ালপুরে এবং পাক অধিকৃত কাশ্মীরেও মুজফফরাবাদে ক্ষেপণাস্ত্র ছুড়ে ভারত আঘাত হেনেছে ভারত। লঙ্কর-ই-তৈবাহ এবং জইশ-ই-মহম্মদের সন্ত্রাসী ঘাটি বলে পরিচিত এলাকাগুলিতে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ভারত। ৯টি স্থানের মধ্যে রয়েছে বাহাওয়ালপুরে জইশ-ই-মহম্মদের সদর দফতর এবং পাকিস্তানের পদার মরুদকতে লঙ্কর-ই-তৈবাহর সদর দফতর।ভারতীয় সেনাবাহিনীকে কুর্শিহা অপারেশন সিঁদূর এর পরিপেক্ষিতে এই প্রতিক্রিয়া জানানো সর্বভারতীয় অন্যদিকে

তৃণমূল কংগ্রেস। তাদের সোশ্যাল মিডিয়ার মাধ্যমে এই প্রতিক্রিয়া ব্যক্ত করে হয়েছে। সেখানে এক বার্তায় স্পষ্ট করে জানানো হয়েছে যে, আমাদের বাহিনী এবং ইউনিফর্ম পরিহিত প্রবলক সহসী যোদ্ধাকে কুর্শিহা ভারত তোমাদের জন্য গর্বিত। জয় হিন্দ!উল্লেখ্য, জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসবাদী হামলার প্রতিশোধ নিল ভারত। লঙ্কর-ই-তৈবাহ এবং জইশ-ই-মহম্মদের সন্ত্রাসী ঘাটি বলে পরিচিত এলাকাগুলিতে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ভারত। ৯টি স্থানের মধ্যে রয়েছে বাহাওয়ালপুরে জইশ-ই-মহম্মদের সদর দফতর এবং পাকিস্তানের পঞ্জাবের মরুদকতে লঙ্কর-ই-তৈবাহর সদর দফতর।

পাকিস্তান এবং পাক অধিকৃত কাশ্মীরে প্রত্যাঘাত হানে ভারত। পহেলগামে জঙ্গিহানার জবাবে জঙ্গিঘাট লক্ষ করে প্রবল আক্রমণ হানে ভারতীয় সশস্ত্র বাহিনী। পাকিস্তানের পঞ্জাব প্রদেশের বহাওয়ালপুরে এবং পাক অধিকৃত কাশ্মীরের মুজফফরাবাদে ক্ষেপণাস্ত্র ছুড়ে ভারত আঘাত হেনেছে ভারত। লঙ্কর-ই-তৈবাহ এবং জইশ-ই-মহম্মদের সন্ত্রাসী ঘাটি বলে পরিচিত এলাকাগুলিতে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ভারত। ৯টি স্থানের মধ্যে রয়েছে বাহাওয়ালপুরে জইশ-ই-মহম্মদের সদর দফতর এবং পাকিস্তানের পঞ্জাবের মরুদকতে লঙ্কর-ই-তৈবাহর সদর দফতর।

আ্যস্থনিকে ফোন মৌদীর, দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে কথা দুই প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৭ মে : প্রধানমন্ত্রী নরে ঞ্দ্র মোদী গত মঙ্গলবার অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যাস্থনি আলবানিজের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন এবং তাঁর ঐতিহাসিক দ্বিগুণ মোদারের জন্য তাঁকে অভিনন্দন জানিয়েছেন। কথোপকথনের সময় ভারত ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী, দুই দেশের মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী করার প্রতিশ্রুতি পূনর্বাক্ত করেছেন। তারা উল্লেখ করেছেন, পাঁচ বছরে, ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব বিভিন্ন ক্ষেত্রে শক্তিশালী সহযোগিতা বিকাশ লাভ করছে।উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্ক দৃঢ় করার ক্ষেত্রে প্রাণবন্ত ভারতীয় বংশোদ্ভূত প্রবাসীদের ভূমিকার উপর জোর দিয়েছেন। দুই



নেতা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলিতেও মতবিনিময় করেছেন এবং একটি মুক্ত, উন্মুক্ত, স্থিতিশীল, নিয়ম-ভিত্তিক এবং সমৃদ্ধ ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলকে এগিয়ে নিতে এক সঙ্গে কাজ করার প্রতিশ্রুতি পূনর্বাক্ত করেছেন। প্রধানমন্ত্রী মৌদী অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আলবানিজকে ভারত সফরের জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

মুর্শিদাবাদ হিংসায় ক্ষতিগ্রস্তদের সাহায্য, নিহত জওয়ানের স্ত্রীকে চাকরি

মুর্শিদাবাদ, ৭ মে : মুর্শিদাবাদ সফরে গিয়ে সে জেলায় হিংসায় ক্ষতিগ্রস্তদের হাতে আর্থিক সাহায্য তুলে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ‘ বাংলার বাড়ি প্রকল্পে’ ক্ষতিগ্রস্তদের হাতে তুলে দিলেন ঘরের প্রতীকী চাবি। এ ছাড়া পহেলগাম কাণ্ডের পর জম্মু ও কাশ্মীরে জঙ্গিদের সঙ্গে গুলিযুদ্ধে নিহত নোনা জওয়ান বন্টু আলি শেখের স্ত্রীকে মেমোরার্ডের চাকরির নিয়োগপত্র তুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী।এদিন মুর্শিদাবাদের সূতিতে প্রশাসনিক সভার মধ্যে আসেন শহিদ জওয়ান বন্টু আলি শেখের পরিবার জওয়ানের স্ত্রী, দুই সন্তানকে মধ্যে নিতে আসেন তৃণমূল নেতা সব্যসাচী দত্ত। কাশ্মীরের উমরপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইয়ে প্রাণ হারান তারা কমান্ডে বন্টু শেখ (৬৭)। তাঁর বাড়ি হেটহের পানথরঘাটা। ঊধমপুরে তল্লাশি অভিযানের সময় সেনা-জঙ্গি সংঘর্ষে নিহত হন তিনি। তাঁর স্ত্রীকে কেবল হোমগার্ডের চাকরির নিয়োগপত্রই নয়, মুখ্যমন্ত্রী তাঁর হাতে তুলে দেন ১০ লক্ষ টাকার আর্থিক সাহায্যও।এছাড়া সূতির কাশিমগারের ওয়াকফ অশান্তিতে প্রাণ হারানো একজ্ঞ আহমমদের পরিবারের একজনকেও চাকরি দেওয়ার যোগ্যতা করেছেন তিনি।মঙ্গলবার মুর্শিদাবাদের সূতিতে সৈন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই সূতির সাল্লুর মোড় থেকেই শুরু



হয়েছিল অশান্তি। মুর্শিদাবাদের হিংসায় ক্ষতিগ্রস্ত ২৮৬ পরিবার পিছু ১ লক্ষ ২০ হাজার টাকার চেক দেওয়া হয়। সূতির সভারস্থ থেকে মুখ্যমন্ত্রী জানান, আজ ধুলিয়ানে গোলা। ৪০০ পরিবারের সঙ্গে দেখা হয়েছে। ২৮০ পরিবারকে এক লক্ষ ২০ হাজার টাকা করে দিয়েছি। যাদের আরও ক্ষতি হয়েছে, তাঁদের টার্ম ফোন দেওয়া হবে। জারফাবাদে নিহত বাবা-ছেলে হরগোবিন্দ ও চন্দনের পরিবার আগেই সরকারি সাহায্য গ্রহণ করবেন না বলে জানিয়েছিলেন। মঙ্গলবার এই পরিবারের সঙ্গে দেখাও করার কথা ছিল মুখ্যমন্ত্রীর। কিন্তু তাঁরা কেউ না থাকায় সেখানে যাননি মমতা। সূতির সভা থেকে মুখ্যমন্ত্রী জানানেন, অন্যান্য ক্ষতিগ্রস্তদের জন্য অর্থ তুলে রাখা হল। তাঁরা যদি চান, নিতে

পারেন। মঙ্গলবার কপ্টারে মুর্শিদাবাদের সামশেরগঞ্জে পৌঁছেছেন মুখ্যমন্ত্রী। সেখানে বিডিও অফিসে ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে কথা বলেন তিনি।অন্যদিকে ওয়াকফ নিয়ে বলার থাকলে দিল্লিতে যান। বাংলায় আমি আছি মাথায় রাখবেন। মঙ্গলবার সূতির সমাবেশে এ কথা বলেন মুখ্যমন্ত্রী তাঁর বন্দ্যোপাধ্যায়। তিনি জানান, তাঁর সরকার কোনও ধর্মেরও সম্পত্তি অধিগ্রহণের পক্ষে নয়।ওয়াকফ সংশোধনী আইনের বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলন থেকেই হিংসা ছড়িয়েছিল মুর্শিদাবাদে। এই জেলাতে দাঁড়িয়েই মঙ্গলবার মুখ্যমন্ত্রী বলেন, ওয়াকফ নিয়ে আমাদের এখানে কোনও প্রশ্ন নেই। এই নিয়ে আমি কিছু বলব না।বোলাই কথা বললে ভিন্নাভ্যে বাংলার

পরিযায়ী শ্রমিকদের উপর অত্যাচার করা হচ্ছে! মুর্শিদাবাদের প্রশাসনিক সভা থেকে এদিনও এই অভিযোগ করেন মুখ্যমন্ত্রী। এই সূত্রেরি বিভিন্ন রাজ্যে কর্মরত বাংলার শ্রমিকদের রাজ্যে ফিরে আসার আহ্বান জানিয়েছেন তিনি।অন্যদিকে মঙ্গলবার মুর্শিদাবাদে ১৬৭ প্রকল্পের শিলাল্লাহ ও উদ্বোধন করা হল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজেই এ কথা জানান। সেই সঙ্গে, সূতি, ধুলিয়ান এবং ফরাঙ্কার মানুষদের জন্য নতুন মহকুমা অফিস গঠন করা হচ্ছে জানিয়েছেন তিনি। ওয়াকফ অশান্তিতে সম্প্রতি অশান্ত হয়ে উঠেছিল মুর্শিদাবাদ। এই পরিস্থিতিতে আইনশৃঙ্খলায় নজরদারি বাড়াতে এই নতুন মহকুমা তৈরির সিদ্ধান্ত বলে মনে করছে ওয়াকিববহল মহলা। বর্তমান তাপপ্রতিপত্তে এই সিদ্ধান্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করছে রাজনৈতিক মহলা।মুর্শিদাবাদের সভা থেকে সকলকে মিলেমিলে থাকার বার্তা দেন মমতা। বলেন, বিজেপি কিংবা কোনও মৌলবাদী সংগঠনের কথা শুনে পরোচিতি হবেন না। আপনারা নিজেরা ভাগ হওয়ার থেকে আবার গলাটা দেহ থেকে ভাগ করে দিন। তাতে আমি খুশি হব। মুখ্যমন্ত্রী বলেন, আমি সব ধর্মকে ভালবাসি। হিংসা ছড়াতে এলে মা-বোনরা তা রুখবেন। আমরা প্রশস্তি চাই না, শান্তির পক্ষে’, মন্তব্য করেন মমতা।

ভারতের প্রত্যাঘাতে আনন্দে মাতোয়ারা দেশবাসী, প্রধানমন্ত্রীকে জানালেন ধন্যবাদ



নয়াদিল্লি, ৭ মে : পহেলগামে সন্ত্রাসী হামলার যথায়োগ্য জবাব দিয়েছে ভারত। অপারেশন সিঁদূরের অধীনে পাকিস্তান ও পাকিস্তান অধিকৃত কাশ্মীরের জঙ্গি ঘাঁটিগুলি গুঁড়িয়ে দিয়েছে ভারতীয় সশস্ত্র বাহিনী। অপারেশন সিঁদূরের পর দিল্লি, রাজস্থান, মহারাষ্ট্র-সহ বিভিন্ন রাজ্যের মানুষজন আনন্দে মেতে উঠেছেন। ‘হিন্দুস্তান জিন্দাবাদ’ এবং ‘ভারত মাতা কি জয়’ স্লোগান উঠেছে দেশজুড়ে। সবাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়েছেন। পহেলগাম সন্ত্রাসী হামলায় প্রাণ হারানো ভারতীয় নৌবাহিনীর লেফটেন্যান্ট মেনিয় নারওয়ালের মা আশা নারওয়াল বলেন, আমার পুরো পরিবার বৌদি সাহেবের পাশে আছে, যিনি প্রতিশোধ নিয়েছেন। আমি সশস্ত্র বাহিনীর সদস্যদের এগিয়ে যেতে বলতে চাই। পথটিকদের বাঁচাতে গিয়ে পহেলগাম সন্ত্রাসী হামলায় স্থানীয় এক ব্যক্তি সৈয়দ আদিল হুসেন শাহ মারা যান। অপারেশন সিঁদূর প্রসঙ্গে তার বাবা হায়দার শাহ বলেন, আমরা আনন্দিত, আমরা ছেলে-সহ পহেলগামের ২৬ জন নিহতের প্রতিশোধ নিওয়া হয়েছে। আমি সরকারকে ধন্যবাদ জানাই। নিরাপত্তা বাহিনী এবং সরকার প্রতিশোধ নিয়েছে। ভবিষ্যতে যেন কেউ এভাবে প্রাণ না হারান... আমাদের প্রধানমন্ত্রী মোদীর উপর আস্থা ছিল। আমরা ন্যায়বিচার পেয়েছি।

জাতীয় স্বার্থ কংগ্রেসের কাছে সর্বোচ্চঃমল্লিকার্জুন খাড়গে

নয়াদিল্লি, ৭ মে : অপারেশন সিঁদূরের তৃত্যসী প্রশংসা করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। তাঁর কথায়, সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অটল জাতীয় নীতি রয়েছে। মল্লিকার্জুন খাড়গে বুধবার এক্স মাধ্যমে জানিয়েছেন, পাকিস্তান এবং পাক অধিকৃত কাশ্মীর থেকে উদ্ভূত সকল ধরণের সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অটল জাতীয় নীতি রয়েছে। আমরা আমাদের ভারতীয় সশস্ত্র বাহিনীর জন্য অত্যন্ত গর্বিত যারা পাকিস্তান এবং পাক অধিকৃত কাশ্মীরের সন্ত্রাসী শিবিরগুলিকে ধ্বংস করেছে। আমরা তাদের দৃঢ় সংকল্প এবং সাহসকে সাধুবাদ জানাই।খাড়গে আরও জানান, পহেলগাম সন্ত্রাসী হামলার দিন



থেকে, ভারতীয় জাতীয় কংগ্রেস সীমান্তবর্তী সন্ত্রাসের বিরুদ্ধে যে কোনও সিদ্ধান্তমূলক পদক্ষেপ নিতে সশস্ত্র বাহিনী এবং সরকারের সাথে স্পষ্টভাবে দাঁড়িয়েছে। জাতীয় এক্সা এবং সংহতি সময়ের প্রয়োজন এবং ভারতীয় জাতীয় কংগ্রেস আমাদের সশস্ত্র বাহিনীর পাশে দাঁড়িয়েছে। অতীতে আমাদের নেতারা যতটা মিলিয়েছেন একই জাতীয় স্বার্থ আমাদের কাছে সর্বোচ্চ বলেন।

অপারেশন সিঁদূরঃপ্রধানমন্ত্রী ও সেনাবাহিনীকে অভিনন্দন অর্জুন সিংয়ের

কলকাতা, ৭ মে : অপারেশন সিঁদূর নিয়ে প্রতিক্রিয়া জানালেন বিজেপি নেতা অর্জুন সিং। তিনি সোশ্যাল মিডিয়ায় জানান, পাকিস্তানে পহেলগাঁও হামলার জবাব দিল মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-র নেতৃত্বাধীন ভারত। পাকিস্তানের পঞ্জাব প্রদেশে এবং পাক অধিকৃত কাশ্মীরে ক্ষেপণাস্ত্র ছুড়ে জঙ্গী ঘাটি গুঁড়িয়ে দেবার জন্য ভারতীয় সেনাকে অভিনন্দন জানাই।দেশের নিরাপত্তায় আঘাত এলে চূপ করে বসে থাকবে না মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন ভারত - এই বিশ্বাস ১৪০ কোটি ভারতবাসীর আছো।ভারত মাতা কী জয় !!

উচ্চ মাধ্যমিক উত্তীর্ণদের শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর

কলকাতা, ৭ মে : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উচ্চ মাধ্যমিক পরীক্ষার উত্তীর্ণদের শুভেচ্ছা বার্তা দিয়েছেন। এক্স হ্যাণ্ডলে এক বার্তায় তিনি জানান, আমার প্রিয় ছাত্রছাত্রীরা, যারা এ বছর উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাশ করেছো, তোমাদের সকলকে আমার অনেক অনেক ভালোবাসা আর শুভেচ্ছা জানাই! আশা করি তোমরা ভবিষ্যতে আরো সাফল্য পাবে - দেশ দেশের মুখ আরো উজ্জ্বল করবে।আজ তোমাদের জীবনের এই বিশেষ দিনে আমি তোমাদের বাবা মা, শিক্ষক শিক্ষিকা, অভিভাবক - সকলকে আমার অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি। তাঁরা তোমাদের পাশে ছিলেন বলেই আজ তোমরা এত ভালো ফল করেছো।আর যারা হয়তো আশানুরূপ ফল করতে পারনি, তাদের আমি বলবোঃমন খারাপ করো না একদম। চেষ্টা চালিয়ে যাও। দেশকে পরের বারে টিক ভালো হবে।তোমাদের সবাইকে আমার অনেক আশীর্বাদ আর ভালোবাসা জানাই। তোমরা সবাই খুব ভালো থেকে।।

উচ্চ মাধ্যমিকে প্রথম বর্ধমানের রুপায়ণ, প্রথম দশে কলকাতার তিন

কলকাতা, ৭ মে : বুধবার প্রকাশিত হল উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল। এবছর রেগুলার পরীক্ষার্থী হিসেবে মোট পরীক্ষা দিয়েছিলেন মোট ৪ লক্ষ ৭৩ হাজার ৯১৯ জন। পরীক্ষার ৫০ দিনের মাথায় এবার রেজাল্ট প্রকাশ করল উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। এদের মধ্যে প্রথম দশে জয়গা করে নিয়েছেন ৭২ জন পড়ুয়া।সংসদের তরফে সাংবাদিক বৈঠক করেছেন সভাপতি চিরঞ্জীব উট্টাখাঁ। তিনি জানিয়েছেন, এ বারের উচ্চ মাধ্যমিকে পরীক্ষার্থীর সংখ্যা ৪,৭৩,৯১৯ জন। এ বছর প্রথম বার মেটাল ডিটেক্টর ব্যবহার করা হয়েছে। কোথাও প্রশ্ন ফাঁস হয়নি। প্রশ্নপত্র নিয়েও অভিযোগ আসেনি। মোবাইল নিয়ে ধরা পড়েছিলেন কয়েক জন, তাদের পরীক্ষা বাতিল করা হয়েছে।উচ্চ মাধ্যমিকের মেথালিক্যাল প্রথম দশে রয়েছে ৭২ জন। তাদের মধ্যে কলকাতার স্কুল থেকে চার জন রয়েছে। পাঁচভবন স্কুলের তথাগত রায় অষ্টম স্থান অধিকার করেছে। তার প্রাপ্ত নম্বর ৪৯০। পর্ণশ্রীর বেহালা হাই স্কুলের অঙ্কিত চক্রবর্তীও অষ্টম স্থানে রয়েছে, পেয়েছে ৪৯০। টাকি হাউস মাল্টিপারপাস স্কুল ফর বয়েজের সৌীনক বন্দ্যোপাধ্যায় এবং বেথুন কলেজিয়েট স্কুলের সৃজিতা দত্ত নম্বন স্থানে রয়েছে। তাদের প্রাপ্ত নম্বর ৪৮৯।উচ্চ মাধ্যমিকে প্রথম হয়েছে পূর্ব বর্ধমানের রুপায়ণ পুলা। সে পেয়েছে ৪৯৭, শতাংশের হিসাবে ৯৯.৪। দ্বিতীয় হয়েছে তুয়ার দেবনাথ। সে কোচবিহারের বাসিন্দা। তার প্রাপ্ত নম্বর ৪৯৬। উচ্চ মাধ্যমিকে এ বছর তৃতীয় হয়েছে আরামবাগের রাজর্ষি অধিকারী, সে পেয়েছে ৪৯৫। বাঁকুড়ার সৃজিতা ঘোষাল চতুর্থ হয়েছে, তার প্রাপ্ত নম্বর ৪৯৪।

নতুন ভূমিকায় জিন্সাবুয়ে দলে ফিরছেন দেশটির ও ইংল্যান্ডের প্রাক্তন ব্যাটসম্যান গ্যারি ব্যালানস

হারারে, ৭ মেঃ নতুন ভূমিকায় জিন্সাবুয়ে দলে ফিরছেন দেশটির ও ইংল্যান্ডের প্রাক্তন ব্যাটসম্যান গ্যারি ব্যালানস। ইংল্যান্ড সফরের জন্য জিন্সাবুয়ের কোটিং স্টাফে যুক্ত করা হয়েছে তাকে। আগামী ২২ মে ট্রেস্ট ব্রিজে একমার টেস্টে ইংল্যান্ডের ন্যূনোমুখি হবে জিন্সাবুয়ে। ২০০৬ সালের জয় ইংল্যান্ডের মাটিতে তাদের প্রথম টেস্ট এটি। এই সফরে ব্যালানসকে কোটিং পরামর্শক হিসেবে নিয়োগ দেওয়ার কথা মঙ্গলবার এক বিবৃতিতে জানিয়েছে জিন্সাবুয়ে ক্রিকেট।২০১৭ সাল পর্যন্ত ইংল্যান্ডের হয়ে ২৬ টেস্ট খেলে ৪টি সেঞ্চুরি করেন ব্যালানস। ইংলিশশের হয়ে সপাত্তে খেলেন তিনি ১৬টি। এরপর তার আন্তর্জাতিক কেরিয়ারের সমাপ্তি ঘটে। তবে ইয়র্কশায়ারের হয়ে কাউন্টি ক্রিকেটে এক দশকের বেশি সময় খেলেছেন প্রাক্তন এই বাঁ-হাতি ব্যাটসম্যান। তার সেই অভিজ্ঞতা কাজে লাগাতে চায় জিন্সাবুয়ে।

দুরন্ত বার্তা রাশিফল

মেসঃআপনি নিজের কাজ ও সম্পর্ক নিয়ে উত্তেজিত হয়ে আছেন। কর্মক্ষেত্রে, আপনি অন্যদের নিজের দলে যোগ দেওয়ার বিষয়ে প্রভাবিত করেন। বৃষঃপারিবারিক সমস্যা আজ আপনাকে ব্যস্ত রাখবে। আপনার মেজাজ ও পরিণত মানসিকতা আপনাকে মানসিক সমস্যার সঙ্গে মোকাবিলা করতে সাহায্য করবে। মিথুনঃবাবা-মায়ের স্বাস্থ্য সম্পর্কে দুশ্চিন্তা। আজ কিছুটা কম হবে। কর্কটঃকর্কট রাশির জাতকদের দাম্পত্য জীবনে আজ অশান্তি হওয়ার যোগ। সিংহঃআজকে আপনি স্বাস্থ্যকে সবথেকে বেশি প্রাধান্য দেবেন।। কর্ম্যঃআজকে আপনি গুরুতর ক্যাথিক সমস্যার সম্মুখীন হবেন। তুলাঃভাগ্যলক্ষী আজকে আপনাকে একটি মিশ্র দিন এনে দেবেন, কাজেই প্রচাশিত-অপ্রচাশিত সব কিছুই ঘটতে পারে।

বৃচিশঃআজকে আপনার ষষ্ঠ ইন্দ্রিয় অস্বাভারণ কাজ করবে। আপনার সহজাত বাঁয়ের উপর ভরসা রাখুন এবং সেই অনুযায়ী কাজ করুন। কাজের চাপ যখন প্রবল বেড়ে যাবে তখন বিবর্তি নিন এবং হালকা গানের সাহায্যে চাপমুক্ত হোন। ধনুঃআপনাদের মধ্যে কেউ কেউ হয়তো আজকে এত ভাগ্যবান হবেন যে প্রেমে পড়বেন, আবার অন্যদিকে কেউ কেউ ভালোবাসার মানুষের সঙ্গে এমন তর্কে জড়িয়ে পড়বেন, যা এড়িয়ে যাওয়াই উচিত ছিল। কেনও স্বাস্থ্যের সমস্যা দেখা দেবে না। আপনার আপোষের সব কিছুই আপনার ভালো লাগবে। ইতিবাচকতা আপনাকে ঘিরে থাকবে। অন্যদের সামনে আপনি নিজেকে ভালোভাবে উপস্থাপিত করতে পারবেন এবং পরিবারকে অনেক বেশি সম্পদ দিতে পারবেন। মকরঃআজ যদি সমস্যা আপনার দরজায় এসে কড়া নাড়ে, আপনার ভাগ্যবোম্বী আপনাকে বাঁচাতে আসবেন। অন্যদের মতো অসম্ভব লক্ষ্যের পেছনে দেউতা জীবন নষ্ট না করে, আপনি আপনার কৃতিত্বগুলি নিয়ে, সন্তুষ্ট থাকেন। যদিও তার মানে এই নয় যে আপনি উচ্চাকাঙ্ক্ষী নন। আপনার বাই এখনও অজানা কোনও ভয় থাকে, তাহলে সেগুলি আপনাকে কোনও গুরুতর সমস্যার ফেলার আগেই তার সমাধান করে নিন। আপনার আত্মবিশ্বাস বাড়ান, এরকম কিছু করার চেষ্টা কর। উচিত।

কুন্তঃআজকে আপনার মনে হবে, আপনি একজনের জায়গায় দুজন ব্যক্তি হলে ভালো হত! শেষ না হওয়া কাজের ভাৱে আপনি চাপা পড়ে আছেন এবং দ্বিগুণ প্রচেষ্টাও যথেষ্ট বলে মনে হচ্ছে না। আপনি আপনার কর্মকর্তাকে নিয়ে চিন্তিত। আজকে নতুন কিছু নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করার মেজাজ থাকবেন। আর্থিক দিক থেকে আজকের দিনটি খুবই ভরসাযুযুক্ত। আপনি খুব বেশি খাচ করবেন না, আবার খুব বেশি আয় করবেন না। আপনি শুধু, পরিস্থিতি বেরকম আছে তা বজায় রাখার চেষ্টা করবেন এবং সাবলীল ভাবে এগিয়ে যেতে চাইবেন।

মীনঃসম্প্রতি আপনি স্বাস্থ্যকে উপেক্ষা করেছেন, আজকে পোশাক গায়ে আঁট হওয়ায় তা আপনি বঝতে পারছেন। চিকিৎসার থেকে রোগপ্রতিরোধ ভালো, এই প্রবাদটিকে আপনি যদিও উপেক্ষা করে এসেছেন এবং আপনি এখন হাল ধরতে পারেন। বিবাদ এড়ানোর জন্য, বাড়িতে আপনাকে খুবই ধৈর্যশীল হতে হবে। রোমাঞ্চ বাচিয়ে রাখার জন্য অঙ্গীকার আশ্বাশক। আজকে আপনি উচ্চমাত্রায় সংবেদনশীল থাকবেন এবং কিছু মানসিক চাপের সম্মুখীন হবেন। কোনও পরিস্থিতিতে প্রতিক্রিয়া জানানোর আগে আপনার তা বিদ্রোহণ করা উচিত। আজকে হঠাৎে আপনি সন্ধ্যের বেশি খরচ করে ফেলবেন।

আবহাওয়া

গরম ইতিমধ্যেই অনুভূত হতে শুরু করেছে, আগামী ২৪ ঘণ্টার মধ্যে আবহাওয়া আরও বদলে যেতে পারে। বৃহস্পতিবার থেকে কলকাতা-সহ দক্ষিণবঙ্গে ফিরছে কৈশোখের সেই চেনা গরম। বেশ কয়েক জেলায় তাপপ্রবাহের সতর্কতাও রয়েছে। দক্ষিণবঙ্গের বাকি জেলাতেও গরমের কারণে জারি করা হয়েছে সতর্কতা। বুধবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে ১.০ ডিগ্রি কম।আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, বৃহস্পতিবার, ৮ মে থেকে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বাবে গরম। থাকবে অর্ধ্রাত্তজায়ের অশ্রুশ্রুতি। কোনও জেলায় তাপপ্রবাহেরও

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দূরন্ত বার্তা

